

বাসে ওঠাকে কেন্দ্র করে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) এক ছাত্রকে মারধরের অভিযোগ উঠেছে পরিবহণ শ্রমিকদের বিরুদ্ধে। এ ঘটনার প্রতিক্রিয়ায় ববির শিক্ষার্থীরা সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন ওই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। শনিবার সকাল ৯টার দিকে বিশ্ববিদ্যালয়ের সামনে এ ঘটনা ঘটে।

মারধরের শিকার হয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাস্টার্সের ছাত্র ফয়সাল শাহরিয়ার।

প্রত্যক্ষদর্শীরা জানান, দপদপিয়া জিরো পয়েন্টে যাওয়ার জন্য ছাত্র ফয়সাল বিশ্ববিদ্যালয়ের সামনে থেকে একটি বাসে ওঠার চেষ্টা করেন। এ সময় বাসের চালক ফয়সালকে মারধর করে। এরপরই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের সামনের ঢাকা-কুয়াকাটা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন। এ সময় বাস বন্ধ হয়ে যায়। পরে পুলিশের আশ্বাসের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থীরা সড়ক থেকে সরে যায়। ফয়সাল শাহরিয়ার বলেন, আমি জিরো পয়েন্টে যাওয়া জিজ্ঞাসা করলে বলি যেখানে যাব সেখানে নামিয়ে দিলেই হবে। সঙ্গে সঙ্গে বাসের স্টাফ কালাম নামের একজনসহ সাত-আটজন আমার ওপর কিলঘুসি মারেন।

আবদুল ফয়েজ নামের এক ছাত্র জানান, আমাদের এক শিক্ষার্থীকে মারধরের ঘটনায় সড়ক অবরোধ করেছিলাম। পরে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও পুলিশ এসে নেওয়ার। যে কারণে সড়ক থেকে সরে গিয়েছি আমরা।

বরিশালের রূপাতলী বাস মিনিবাস মালিক সমিতির সাধারণ সম্পাদক কাওছার হোসেন শিপন বলেন, যারা এ ঘটনা ঘটিয়েছে তারা কেউ বাসের স্টাফের সঙ্গে চেষ্টা চলছে। বর্তমানে বাস চলাচল স্বাভাবিক রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. খোরশেদ আলম বলেন, বিষয়টি নিয়ে পুলিশ ও বাস মালিক সমিতির নেতাদের সঙ্গে আলোচনা করা হবে।

বরিশাল বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আসাদুজ্জামান বলেন, ভুল বোঝাবুঝি নিয়ে ঝামেলা হয়েছিল। বাস চলাচল কিছু সময়ের জন্য বন্ধ ছিল।

Shares

যুগান্তর ইউটিউব চ্যানেল